

প্রাথমিকশিক্ষকদের প্রতি শাহ আজিজ

# ১৮ই ফেব্রুয়ারীর মধ্যে কাজে যোগ দিন

প্রধানমন্ত্রী শাহ আজিজের রহ-  
মান ধর্মঘটী সরকারী প্রাথমিক  
বিদ্যালয়ের শিক্ষকদের প্রতি সর্ব-  
শেষ ১৮ই ফেব্রুয়ারীর মধ্যে কাজে  
যোগদানের আহ্বান জানান। অন্য-  
থায়, তিনি বলেন, সরকার তাদের  
বিরুদ্ধে আইন অনুযায়ী যথোপ-  
যুক্ত ব্যবস্থা গ্রহণে বাধ্য হবেন।

স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ প্রতি-  
ষ্ঠার জন্য মন্ত্রি পরিষদ অনুমোদিত  
প্রস্তাবিত আইনের উল্লেখ করে  
প্রধানমন্ত্রী বাসসকে বলেন যে সর-  
কার নয়া আইনের অধীনে সরকারী  
প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের  
বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধা  
প্রদানের পূর্ণ দায়িত্ব গ্রহণ  
করবেন।

তিনি বলেন, সরকার অত্যন্ত  
দুঃখের সঙ্গে লক্ষ্য করেছেন যে  
শিক্ষাবর্ষের শুরুতে প্রাথমিক  
বিদ্যালয়ের শিক্ষকদের এ ধর্মঘট  
ভিত্তিহীন অভ্যোগ ও আশংকার  
উপর প্রতিষ্ঠিত।

প্রধানমন্ত্রী ধর্মঘটী শিক্ষকদের

প্রতি কাজে যোগদানের আহ্বান  
জানিয়ে বলেন যে যেসব সুপরিশা  
নয়া আইনের ভিত্তি রুনা করেছে  
ততে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-  
দের প্রতিনিধিত্ব স্বাক্ষর দিয়েছেন  
এবং এতে তাদের ন্যায়সঙ্গত দাবী  
পূরণ ও আশংকা দূর করা হয়েছে।